



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম



মোবাইল: +৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: [gachhbariagovt.college@gmail.com](mailto:gachhbariagovt.college@gmail.com), Website : [www.ggcc.edu.bd](http://www.ggcc.edu.bd)  
EINN-104200, NU Code-4346

তারিখ: ১২/০২/২০২৩ খ্রি.

## সংখ্যালঘু উপবৃত্তি বিজ্ঞপ্তি

এই কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম এর স্মারক নং: মাউশি/আ:/পরি:/কা:/চট্ট:/২০২৩/৩০(৭), তারিখ: ২৫/০১/২০২৩ খ্রি. তারিখের বিষয়বস্তু অনুযায়ী সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপাজাতীয়(ক্ষুদ্র নৃ-গোষ্ঠি) সম্প্রদায়ের শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তির দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগামী ১৩/০২/২০২৩ হতে ১৫/০২/২০২৩ তারিখের মধ্যে ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

উপবৃত্তির আবেদন ফরমের সাথে জমা দেয়ার সময় নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে :

- ১। আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ কপি।
- ২। তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী(দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপাজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠি) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার /প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র দাখিল করতে হবে।
- ৩। বিভিন্ন সম্প্রদায় সনাক্তকরণের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৪। শিক্ষাগত যোগ্যতার সকল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/ স্কুল ব্যাংক হিসাব খোলা হলে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম দিতে হবে।
- ৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে, হিসাবটি সচল থাকতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
- ৭। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৮। শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন ফটোকপি- ০১ কপি।
- ৯। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ০২ কপি।

২২/০২/২৩

(প্রফেসর রনজিৎ কুমার দত্ত)

আইডি নং-২৯৯৫

অধ্যক্ষ

গাছবাড়ীয়া সরকারি কলেজ

চন্দনাইশ, চট্টগ্রাম।

(প্রফেসর রনজিৎ কুমার দত্ত)

আইডি নং-২৯৯৫

অধ্যক্ষ

গাছবাড়ীয়া সরকারি কলেজ

চন্দনাইশ, চট্টগ্রাম।